General Certificate of Education
Advanced Level Examination
June 2012

# Bengali BENG2

**Unit 2 Reading and Writing**

# Insert

**Text to be used when answering Section 1**

**Section 3 Writing Questions 3, 4, 5 and 6**

Text for use with **Section 1**

## শিক্ষায় মেয়েদের উন্নতি

সাম্প্রতিক বছরগুলোতে দেখা গেছে যে, ছাত্রদের তুলনায় ছাত্রীরা পরীক্ষায় ভালো ফলাফল করছেন। এ কেবল জিসিএসই অথবা এ লেভেল পরীক্ষার ক্ষেত্রে নয়, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায়ও এই ধারা লক্ষ করা যাচ্ছে। এর পেছনে কেবল একটি কারণই নেই, বরং অনেক কারণই আছে। যেমন, ছেলেরা বাইরে অনেকটা সময় কাটাতে চান - তাঁরা বহির্গামী; কিন্তু মেয়েরা বন্ধুদের সঙ্গ পছন্দ করলেও বহির্মুখী নন। তাঁরা বাড়িতে থাকেন, বাড়িতেই বেশি সময় কাটান। ছেলেদের মতো তাঁরা বাইরের খেলাধুলোতেও অতোটা যোগদান করেন না। এমন কি, ঘরের ভেতরেও যেসব খেলাধুলো করা সম্ভব, তাতেও তাঁদের অংশগ্রহণ ছেলেদের তুলনায় নগণ্য। তা ছাড়া, আড্ডা দিতেও তাঁরা ক্লাবে অথবা পানশালায় খুব কমই যান। বেশি রাত অবধি তাঁরা বাইরেও থাকেন না।

ভাবতে অবাক লাগে এক শতাব্দী আগেও লেখাপড়ায় মেয়েদের অবস্থা এমনটা ছিলো না। তখনও সমাজের বেশির ভাগ মানুষ মনে করতেন যে, মেয়েদের বুদ্ধি-বিবেচনা এবং মননশীলতা এতোটা নেই, যাতে তাঁরা লেখাপড়া করতে পারেন অথবা পারলেও উচ্চশিক্ষা নিতে পারেন।

এক শো বছর আগেও অক্সফোর্ড অথবা কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের কোনো কোনো কলেজে মেয়েরা লেখাপড়া শিখতে পারতেন, কিন্তু পরীক্ষায় অংশ নিতে পারতেন না। অক্সফোর্ড মেয়েদের পরীক্ষায় অংশ নেওয়ার অধিকার দেয় ১৯২০ সালে। আর কেমব্রিজ এ অধিকার দেয় আরও পরে — ১৯২৩ সালে। তবে এ অধিকার প্রদানের ব্যাপারে যে বিশ্ববিদ্যালয় সবার থেকে এগিয়ে ছিলো, তা হলো লন্ডন বিশ্ববিদ্যালয়।

১৮৩৬ সালে এ বিশ্ববিদ্যালয় স্থাপন করেছিলেন কয়েকজন ধর্মনিরপেক্ষ বিশিষ্ট নাগরিক। দার্শনিক জেরেমি বেন্থাম ছিলেন তাঁদের মধ্যে সবচেয়ে বিখ্যাত। এই বিশ্ববিদ্যালয় ছিলো ধর্মনিরপেক্ষ এবং সে কারণে মর্যাদার দিক দিয়েও ছিলো দ্বিতীয় শ্রেণীর। এই বিশ্ববিদ্যালয়ই ১৮৭৮ সালে নারীদের পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়।

তবে এর এক বছর আগেই ব্রিটেনের শাসনাধীন সকল দেশের মধ্যে সবার আগে এ অধিকার দিয়েছিলো কলকাতা বিশ্ববিদ্যালয়। অধিকার দিলেও সে বছরই কোনো নারী অবশ্য এর সুযোগ নিতে পারেননি। কারণ তখন বাঙালি মহিলারা শিক্ষার দিক দিয়ে খুবই পিছিয়ে ছিলেন। এমন কি, তখন বঙ্গদেশে মেয়েদের উচ্চশিক্ষার কোনো স্কুল অথবা কলেজ ছিলো না। তা সত্ত্বেও এ বিশ্ববিদ্যালয় মেয়েদের পরীক্ষা দেওয়ার অধিকার স্বীকার করে নিয়েছিলো। তাই কলকাতা বিশ্ববিদ্যালয় উচ্চশিক্ষায় মেয়েদের অধিকার দেওয়ার বিষয় নিয়ে গর্ব বোধ করতে পারে।

ব্রিটেনে যে বাঙালি তরুণীরা আছেন, তাঁরা দশ বছর আগেও পরীক্ষার ফলাফলের দিক দিয়ে অন্যান্য সম্প্রদায়ের তুলনায় তুলনায় পিছিয়ে ছিলেন। কিন্তু ইদানীং তাঁরা বেশ ভালো করছেন। অনেক ব্যাপারে বাঙালি মেয়েরো অনাধুনিক। কিন্তু পরীক্ষার ফলাফলের দিক দিয়ে নয়। সেখানে তাঁরা ছেলেদের হারিয়ে দিচ্ছেন। এই অসাধারণ সাফল্য দেখে তাঁদের অকুণ্ঠ প্রশংসা করতে হয়।

## Section 3

**নিচের যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি উত্তর অন্তত ২০০ শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্যে ৩০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট ৬০ মার্ক।**

---

### Literary Topics
### (সাহিত্য-বিষয়ক প্রসঙ্গ)

### Topic 1
### বাংলা উপন্যাস ও গল্প
### Bengali Fiction

**EITHER**

**3 (a)** তোমার পড়া একটি উপন্যাস নিয়ে আলোচনা করো। এতে এই উপন্যাসের কাহিনী সংক্ষেপে বর্ণনা করো। প্রসঙ্গত এ উপন্যাসটি তোমার কেমন লাগে, সে বিষয়ে মন্তব্য করো। *(30 marks)*

**OR**

**3 (b)** তোমার পড়া উপন্যাস এবং ছোটো গল্পের মধ্যে যে-চরিত্রটি তোমার মনে সবচেয়ে উজ্জ্বল হয়ে আছে, তার পরিচয় দাও। প্রসঙ্গত, উল্লেখ করো: এই চরিত্রটি তোমার মনে এতো গভীর দাগ কাটলো কেন এবং কাহিনীর পরিপ্রেক্ষিতে এ চরিত্রের বৈশিষ্ট্যগুলো কী? *(30 marks)*

### Topic 2
### বাংলা কবিতা ও নাটক
### Bengali Poetry and Drama

**EITHER**

**4 (a)** একজন বিখ্যাত বাঙালি কবির পরিচয় দিয়ে তাঁর কাব্য ও কবিতা নিয়ে আলোচনা করো। তাঁর কোন কাব্যটি তোমার সবচেয়ে ভালো লাগে? কেন ভালো লাগে তা নিয়ে তোমার নিজের মতামত দাও। *(30 marks)*

**OR**

**4 (b)** ব্রিটেনের বাঙালিদের জীবন নিয়ে রচিত কোনো একটি নাটকের পরিচয় দাও। এই নাটকে যে জীবনের পরিচয় দেওয়া আছে, তা কতোটা বাস্তব এবং আগ্রহব্যঞ্জক? এ নাটকটির গুণাগুণ সম্পর্কে তোমার অভিমত দাও। *(30 marks)*

**Turn over ▶**

## Non-literary Topics

## (সাহিত্য নয়, এমন বিষয়ক প্রসঙ্গ)

### Topic 1

### বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালি

### The Emergence of Bangladesh and Bengalis in Britain

**EITHER**

**5 (a)** ১৯৪৮ সালে বাংলা ভাষাকে নিয়ে যে-আন্দোলনের সূচনা হয়, তা থেকেই তেইশ বছরের মধ্যে পাকিস্তান ভেঙে যায় এবং পূর্ব পাকিস্তান স্বাধীন বাংলাদেশে পরিণত হয়। এ নিয়ে বিস্তারিত আলোচনা করো এবং প্রসঙ্গত তোমার মতামত দাও। *(30 marks)*

**OR**

**5 (b)** ব্রিটেনে বাঙালিদের সংখ্যা খুব বেশি নয়। তা সত্ত্বেও সেই বাঙালিদের জন্যে অনেকগুলো বাংলা সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হয়। এই পত্রিকাগুলির মধ্যে যে কোনো দুটির পরিচয় দিয়ে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ রচনা করো। তুমি কি এই পত্রিকাগুলোর কোনোটা পড়ো? এ পত্রিকাগুলোতে সাধারণত কী কী বিষয় নিয়ে লেখা থাকে? এসব পত্রিকা তোমার কেমন লাগে? *(30 marks)*

### Topic 2

### বাংলা সিনেমা ও গান

### Bengali Cinema and Music

**EITHER**

**6 (a)** বাঙালি সিনেমা পরিচালকদের মধ্যে তুমি কাকে সবচেয়ে শ্রেষ্ঠ বলে বিবেচনা করো? তাঁর কয়েকটি চলচ্চিত্রের উল্লেখ করো। এই চলচ্চিত্রগুলোর মধ্যে কোনটি তোমার বিবেচনায় শ্রেষ্ঠ? কেন তুমি এটিকে একটি শ্রেষ্ঠ চলচ্চিত্র বলে বিবেচনা করো, তা যুক্তি দিয়ে বুঝিয়ে লেখো। *(30 marks)*

**OR**

**6 (b)** বাংলা পল্লীগীতির বিভিন্ন ধারার পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো। এই ধারার গানের কোন শিল্পীকে তুমি শ্রেষ্ঠ বলে মনে করো এবং কেন করো? প্রসঙ্গত তাঁর গাওয়া কয়েকটি গানের কথা উল্লেখ করো। *(30 marks)*

**END OF QUESTIONS**

Copyright © 2012 AQA and its licensors. All rights reserved.